আজকের কাগজ

তারিখ 10. MAY. 1995
পৃষ্ঠা ৬ কলাম ২

02

# কৃষি বিশ্ববিদ্যালয়ে শিক্ষা পদ্ধতির ওপর প্রশিক্ষণ কোর্স সমাপ্ত

বাংলাদেশ কৃষি বিদ্যালয়ের (বাকৃষি) গ্রাজুয়েট ট্রেনিং ইনস্টিটিউট কর্তৃক আয়োজিত ৩ সপ্তাহব্যাপী 'শিক্ষা পদ্ধতি শীর্ষক উচ্চতর প্রশিক্ষণ কোর্স সম্প্রতি সমাপ্ত হয়েছে। প্রশিক্ষণের সমাপ্তি দিবসে প্রধান অতিথির ভাষণে কৃষি বিশ্ববিদ্যালয়ের ভাইস চ্যান্সেলর প্রফেসর ডঃ শাহ মোহাম্মদ ফারুক বলেন, শিক্ষকতা পেশাকে ফলপ্রসূ করার জন্যে এ ধরনের প্রশিক্ষণ গ্রহণ করা অপরিহার্য। জিটিআই পরিচালক প্রফেসর ডঃ এম তাজুল ইসলামের সভাপতিত্বে অনুষ্ঠিত প্রশিক্ষণের সমাপ্তি দিবসে সার্টিফিকেট বিতরণী অনুষ্ঠানে বিশেষ অতিথি ছিলেন, প্রফেসর ডঃ মোঃ মোনাওয়ার আহমেদ। বিভিন্ন বিশ্ববিদ্যালয়ে হতে আগত শিক্ষক প্রশিক্ষণার্থীদের মধ্যে বক্তব্য রাখেন, আবুল মনসুর আহমেদ, আ ব ম সিদ্দিকুর রহমান আশরাফী, হারুন রশীদ ও মোঃ আশরাফুল খান। কৃষি বিশ্ববিদ্যালয় থেকে প্রতিনিধি।